

# বাইশ হাজার প্রাইমারি শিক্ষক নিয়োগ হচ্ছে

## ■ ইতিহাসিক রিপোর্ট

বর্তমান সরকার কমান্ডার আমান পর এ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় পৌনে এক লাখ শিক্ষক ও শিক্ষিকা নিয়োগ দেয়া হয়েছে। অপরদিকে দু'টি স্তরে আরও ২২ হাজার শিক্ষক ও শিক্ষিকা নিয়োগ করা হবে। দু'দিন বিরতির পর গতকাল বুধসন্ধ্যার বিকাল সোয়া ৫টায় শিক্ষক ড.

শিঙ্গীন পারভিন চৌধুরীর সভাপতিত্বে জাতীয় সংসদের অধিবেশন শুরু হলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী জা. মো. আফসারুল আমিন সংসদকে এ তথ্য জানান। চলতি ১৯তম

অধিবেশনের গতকাল খিদো তৃতীয় বেসরকারি সদস্য দিবস। এদিকে কিএনপি'র নেতৃত্বাধীন বিরোধী দল প্রধান কার্যালয় থেকে অধিবেশন বর্জন করে আসছে।

মুহাম্মদ ইনাম উদ্দিন প্রানাবিকের প্রস্তাবের জবাবে মন্ত্রী জানান, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৭৩ হাজার ৩০৫ জন শিক্ষক ও শিক্ষিকা নিয়োগ দেয়া হয়েছে। এরমধ্যে তিন হাজার ৯০১ জন হচ্ছেন প্রধান শিক্ষক। সহকারি শিক্ষক ও শিক্ষিকা ৬৯ হাজার ৪০৪ জন। এদিকে মারাদেশে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আরও ২২ হাজার শিক্ষক ও শিক্ষিকা

নিয়োগ করার লক্ষ্যে কাজ চলছে। ইতিমধ্যে ১৫ হাজার শিক্ষক নিয়োগের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। বিত্তীয় পর্যায়ে আরও সাত হাজার শিক্ষক নিয়োগের জন্য পীচই লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব: মো. শহীদ উদ্দিন চৌধুরী এ্যানির প্রস্তাবের জবাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী মোস্তফা তারুজ নোহাশ্বদ জানান, মন্ত্রণালয়ের উদ্যোগে গত চার বছরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তিন হাজার ১৭২টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। এদিকে চলতি বছরের আনুগত্য থেকে আগামী বছরের জুন মাসের মধ্যে আরও ৩৭২টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

পরমাণু শক্তি কমিশন: জাফরুল ইসলাম চৌধুরীর প্রস্তাবের জবাবে বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী হুপতি ইয়াফেস্ ওসমান জানান, পরমাণু শক্তি কমিশনে বর্তমানে কর্তৃত্ব জনবলের সংখ্যা হচ্ছে এক হাজার ৯০০ জন। গত অর্থ বছরের হিসাব অনুযায়ী কমিশনের জন্য সরকারের ব্যয় প্রায় ৯৭ কোটি আট লাখ টাকা।

## জুনের মধ্যে ৩৭২ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব